"শেখ হাসিনার
বারতা
নারী পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
আইসিটি শাখা

# ইনোভেশন সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ফরিদা পারভীন<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ২২/১০/২০২০ খ্রীঃ |
| সভার সময় | বিকাল ৩.০০ ঘটিকা |
| স্থান | অনলাইন জুম প্ল্যাটফর্ম |
| উপস্থিতি | পরিশিস্ট-ক |

সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কার্যক্রম শুরু করেন। সভার মূল আলোচ্য বিসয়বস্তু ছিল ২০২০-২০২১ বছরের জন্য প্রাপ্ত উদ্ভাবন আইডিয়া সমূহ যাচাই বাছাই পূর্বক অনুমোদনকরণ। বিগত ১৫ সেপ্টেম্বর ২০২০ খ্রী তারিখে ৩২.০০.০০০০.০৩৪.১৬.০০১.২০.৫৪ নম্বর স্মারকে মন্ত্রণালয়ের আইসিটি শাখা হতে মন্ত্রণালয়ের সকল শাখা/অধিশাখা এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থায় ইনোভেশন আইডিয়া আহবান করা হয়। এরই প্রেক্ষিতে সকল দপ্তর/সংস্থা আইডিয়া প্রেরণ করে।

প্রাপ্ত আইডিয়া সমূহ দপ্তর/সংস্থা চীফ ইনোভেশন অফিসার এবং মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের নিকট উপস্থাপন করেন এবং যৌক্তিকতা তুলে ধরেন। এর প্রেক্ষিতে প্রাপ্ত ১৬ টি ইনোভেশন আইডিয়া সমূহের মধ্যে হতে ১০ টি আইডিয়া পাইলটিং এর জন্য নির্বাচন করা হয়ঃ

| ক্রমিক নং | শিরোনাম | উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা | বাস্তবায়নকারী | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ০১ | ঝুকিপূর্ণ মাকে সুস্থ রাখি সুখী সুন্দর জীবন গড়ি | আমাদের দেশে বাল্যবিবাহ আইনগতভাবে নিষিদ্ধ হলেও কিছু কিছু অসচেতন অভিভাবকদের কারণে এবং সামাজিক নিরাপত্তার অভাবে অনভিপ্রেত ভাবে বাল্য বিবাহ সংগঠিত হয়ে যাচ্ছে। যেহেতু তারা বাল্য বিবাহের শিকার কিশোরীরা আমাদের দেশের নাগরিক সেহেতু তাদের সার্বিক বিষয়ে আমাদের দায়বধ্যতা আছে। এ সকল কারণে ঝুকিপূর্ণ মায়েদের শারীরিক ও মানসিক বিকাশের লক্ষ্যে এই উদ্ভাবন উদ্যোগটি গ্রহণ করা হয়েছে। অর্থাৎ বাল্য বিবাহের কারণে বিবাহিত কিশোরীরা অল্প বয়সে গর্ভধারন করে, যার ফলে মা ও শিশুরা ঝুকির মধ্যে পড়ে। অপরিপক্ক ও প্রতিবন্ধী শিশুর জন্ম হয়। এমন কি মা ও শিশুর মৃত্যু পর্যন্ত হয়ে থাকে।<br>এ কারণে "ঝুকিপূর্ণ মাকে সুস্থ রাখি সুখী সুন্দর জীবন গড়ি"এই উদ্ভবনী উদ্যোগটি বাস্তবায়নের মাধ্যমে বিবাহিত কিশোরীদের প্রজনন স্বাস্থ্য সেবা সহ অন্যান্য স্বাস্থ্য সমস্যা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি, মা ও শিশুর স্বাস্থ্যের উন্নয়ন করে মা ও শিশুর মৃত্যু হার হ্রাস। | মহিলা বিষয়ক অধিদপ্তর | নির্বাচিত নয়। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | অপরাজেয় নারী | মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতাধীন ৬টি বিভাগীয় শহরে মহিলা সহায়তা কেন্দ্রে নির্যাতিত নারী ও শিশুরা যথাযথ আইনী সেবা পায় না। আশ্রয় কেন্দ্রের বোডারগণ প্রচলিত (সেলাই) প্রশিক্ষণ পদ্ধতির কারণে উপকৃত হয় না। "অপরাজেয় নারী" গড়ে তোলার উদ্ভাবনী উদ্যোগের আওতায় অনধিক ১৫ দিনে অভিযোগ নিষ্পত্তি, নতুন নতুন বিষয়ে প্রশিক্ষণ পদ্ধতি প্রচলন এবং প্রশিক্ষণের সংখ্যা বৃদ্ধি, বোডারদের স্বালবম্বী হওয়ার জন্য আর্থিক অনুদান ও প্রয়োজনীয় উপকরণ সরবরাহ করা । | মহিলা বিষয়ক অধিদপ্তর | পাইলটিং এর জন্য নির্বাচিত। |
| ০৩ | নির্ভয়ে পথচলা | যৌন হয়রানী শিকার স্কুলগামী মেয়েদের অভিযোগ দাখিলের সহজ ব্যবস্থা না থাকা এবংস্বচ্ছ অভিযোগ বাক্স স্থাপনসহ এ সংক্রান্ত বিদ্যমান কমিটি সক্রিয় করার লক্ষ্যে এ উদ্ভবানে উদ্যোগটি গ্রহণ করা হয়েছে। | মহিলা বিষয়ক অধিদপ্তর | পাইলটিং এর জন্য নির্বাচিত। |
| ০৪ | প্রশিক্ষণ তথ্য বাতায়ন | জেলা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের মধ্যমে আইজিএ, ডাব্লিউটিসি, জীবীকায়ন কর্মসূচির আওতায় বিভিন্ন ট্রেডে দু:স্থ মহিলাদের প্রশিক্ষণ দেওয়া হয়। প্রশিক্ষনার্থীদের সমন্বিত ডাটা বেইজ না থাকায় একই প্রশিক্ষণার্থী একাধিক ব্যাচে প্রশিক্ষন নেয় এবং পরবর্তীতে খুজে পা্ওয়া যায় নাএ লক্ষ্যে প্রশিক্ষণার্থী সমন্বিত ডাটাবেইজ তৈরি করা অর্থাৎ "প্রশিক্ষণ তথ্য বাতায়ন" উদ্ভাবনটি গ্রহণ করা হয়েছে। | মহিলা বিষয়ক অধিদপ্তর | নির্বাচিত নয়। ইতিমধ্যে অনুরূপ তথ্য বাতায়ন মন্ত্রণালয় হতে তৈরী করা হয়েছে। |
| ০৫ | আলোর ভূবনে নারী | নির্যাতিত নারী ও শিশুরা মানসিক ভাবে হতাশাগ্রস্থ এবং সিদ্ধান্তহীনতায় ভোগেন। সেবা প্রদানকারী সংস্থা সম্পর্কে অজ্ঞ থাকায় হয়রানির শিকার, পরনির্ভরশীল এবং বিপদগামী হয় (পাচার, দেহ ব্যবসা, মাদক ব্যবসায় জড়িত ইত্যাদি)। নারী ও শিশুদের নির্যাতনের প্রতিরোধ সেল/কমিটির মাধ্যমে নির্যাতনের প্রতিকার ব্যবস্থা নেয়া হলেও মনোসামাজিক ও কারিগরি প্রশিক্ষণ এবং ঋণ প্রদান করে তাদের স্বাবলম্বী করে তোলার ব্যবস্থা নাই। "আলোর ভূবনে নারী" উদ্ভাবন উদ্যোগটি বাস্তবায়ন করে মনোসামাজিক কাউন্সিলিং এর জন্য মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাল্টিসেক্টরাল প্রোগ্রাম এর মাধ্যমে নির্যাতিত নারীদের মানসিকভাবে উজ্জীবিত করা। একই সাথে মহিলা বিষয়ক অধিদপ্তরের ৭টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করে স্বাবলম্বী করে তোলা। | মহিলা বিষয়ক অধিদপ্তর | পাইলটিং এর জন্য নির্বাচিত। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | জাতীয় মহিলা সংস্থার সকল জেলা/উপজেলার সেবা সহজীকরণে ওয়েব সাইটে তথ্য সংযোজন | জাতীয় মহিলা সংস্থার ওয়েব সাইটে সংস্থার জেলা/ উপজেলার কর্মকর্তা ও কর্মচারীদের ছবিসহ পদবী এবং জেলা উপজেলার কার্যক্রমসমূহ সংযোজন করলে সেবা গ্রহীতারা ওয়েব সাইটের মাধ্যমে সকল তথ্য সহজে জানতে পারবে। | জাতীয় মহিলা সংস্থা | নির্বাচিত নয়। ওয়েবসাইট হালনাগাদ করণ একটি রুটিন কাজ। |
| ০৭ | অনলাইন হাজিরা ও ডাটাবেজ তৈরী | সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারী সময়মত অফিসে উপস্থিতি এবং অফিস ত্যাগ নিশ্চিত হবে। | জাতীয় মহিলা সংস্থা | নির্বাচিত নয়। ইনোভেশন আইডিয়া নয়। |
| ০৮ | ট্রেড প্রশিক্ষণার্থীদের অনলাইনে আবেদন , হাজিরা ও ডাটাবেজ তৈরী | একই প্রশিক্ষণার্থী একাধিকবার আবেদন করার সুযোগ নেই, সঠিক হাজিরা নিশ্চিতকরণ ও তাদের তথ্য সংরক্ষণ। | জাতীয় মহিলা সংস্থা | নির্বাচিত নয়। ইনোভেশন আইডিয়া নয়। |
| ০৯ | কর্মজীবি মহিলাদের হোস্টেল এ সিট বরাদ্দের অনলাইনে আবেদন ও ডাটাবেজ তৈরী। | অনলাইনে আবেদনের ফলে কর্মজীবি মহিলাদের স্বশরীরে উপস্থিত না হয়ে সহজে আবেদনপত্র জমা দিতে পারবে। কর্তপক্ষ আবেদন যাচাই-বাছাইপূর্বক যোগ্য প্রাথীদের এসএমএস/কল এর মাধ্যমে অবগত করা হবে। ফলে সেবা গ্রহীতাদের সময়,অর্থও ভিজিট কমে যাবে। | জাতীয় মহিলা সংস্থা | পাইলটিং এর জন্য নির্বাচিত। |
| ১০ | মহিলাদের আত্নকর্মসংস্থানের লক্ষ্যে ক্ষুদ্রঋণ গ্রহণে অনলাইনে আবেদন ও ডাটাবেজ তৈরী | অনলাইনে আবেদনের ফলে ক্ষুদ্রঋণ গ্রহীতাদের স্বশরীরে উপস্থিত না হয়ে সহজে আবেদনপত্র জমা দিতে পারবে। কর্তপক্ষ আবেদন যাচাই-বাছাইপূর্বক যোগ্য প্রাথীদের এসএমএস/কল এর মাধ্যমে অবগত করা হবে। ফলে ঋণ গ্রহীতাদের সময়,অর্থও ভিজিট কমে যাবে। | জাতীয় মহিলা সংস্থা | পাইলটিং এর জন্য নির্বাচিত। |
| ১১ | মহিলাদের আত্নকর্মসংস্থানের লক্ষ্যে স্বকর্ম সহায়ক ঋণ গ্রহণে অনলাইনে আবেদন ও ডাটাবেজ তৈরী | অনলাইনে আবেদনের ফলে স্বকর্ম সহায়ক ঋণ গ্রহীতাদের স্বশরীরে উপস্থিত না হয়ে সহজে আবেদনপত্র জমা দিতে পারবে। কর্তপক্ষ আবেদন যাচাই-বাছাইপূর্বক যোগ্য প্রাথীদের এসএমএস/কল এর মাধ্যমে অবগত করা হবে। ফলে ঋণ গ্রহীতাদের সময়,অর্থও ভিজিট কমে যাবে। | জাতীয় মহিলা সংস্থা | পাইলটিং এর জন্য নির্বাচিত। |
| ১২ | ই-জয়িতা ওয়েবসাইট | বর্তমান ডিজিটাল যুগের সাথে তাল মিলিয়ে ও বিদ্যমান করোনা পরিস্থিতিতেনারী উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য অনলাইনেবাজারজাতকরণের (Online Marketing) উদ্দেশ্যে ই-জয়িতা ওয়েবসাইট চালু করা হচ্ছে। এর মাধ্যমে সারা দেশের নারী উদ্যোক্তাগণঘরে বসেই বিভিন্ন পণ্য ক্রেতার কাছে পৌঁছে দিতে পারবেন। | জয়িতা ফাওন্ডেশন | নির্বাচিত নয়। ওয়েবসাইট হালনাগাদ করণ একটি রুটিন কাজ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | কোভিড-১৯ পরিস্থিতিতে আনন্দমেলা প্ল্যাটফর্মে জয়িতা কর্নার স্থাপন | বিদ্যমান করোনা পরিস্থিতিতে ধানমন্ডিস্থ রাপা প্লাজার ৫ম তলায় অবস্থিত জয়িতা বিপণন কেন্দ্রের নারী উদ্যোক্তাদের পণ্য প্রত্যক্ষভাবে প্রদর্শন ও বিক্রয় কার্যক্রম বাধাগ্রস্থ হচ্ছে বিধায় আনন্দমেলা প্ল্যাটফর্মে জয়িতা কর্নার স্থাপন করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | জয়িতা ফাউন্ডেশন | পাইলটিং এর জন্য নির্বাচিত। |
| ১৪ | অন-লাইন কুইজ আয়োজন | বৈশ্বিক মহামারী করোনার কারনে শিক্ষার্থীরা এখন গৃহবন্দী হয়ে পড়েছে। শিক্ষার্থীদের স্কুল বন্ধ থাকার কারনে তারা একঘেয়ে জীবন যাপন করছে। তাদের একঘেয়েমি দূর করার পাশাপাশি বুদ্ধিবৃত্তীয় চর্চায় উৎসাহিত করার জন্য এই অনলাইন কুইজ অনুষ্ঠানের আয়োজন করা হবে। | বাংলাদেশ শিশু একাডেমি | পাইলটিং এর জন্য নির্বাচিত। |
| ১৬ | ভার্চুয়াল চিল্ড্রেন ক্লাব | বৈশ্বিক মহামারী করোনার কারনে শিক্ষার্থীরা এখন গৃহবন্দী হয়ে পড়েছে। শিক্ষার্থীদের স্কুল বন্ধ থাকার কারনে তারা একঘেয়ে জীবন যাপন করছে। তাদের একঘেয়েমি দূর করে গঠনমূলক চিন্তাভাবনার পাশাপাশি ক্লাব চর্চায় উৎসাহিত করার জন্য এই ক্লাব গঠনের পরিকল্পনা গ্রহন করা হয়েছে। | বাংলাদেশ শিশু একাডেমি | পাইলটিং এর জন্য নির্বাচিত। |
| ১৭ | প্রতিষ্ঠান ডাইরেক্টরি | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন সকল অফিস সমূহের তালিকা, দ্রুত যোগাযোগের তথ্য সম্বলিত ডাটাবেজ। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | পাইলটিং এর জন্য নির্বাচিত। |

২। সভায় আর কোন আলোচ্যসুচি না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ফরিদা পারভীন
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০৩৪.১৬.০০১.২০.৭৩

তারিখ: ১২ কার্তিক ১৪২৭
২৮ অক্টোবর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
২) যুগ্মসচিব, পরিকল্পনা-২ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
৩) উপ-সচিব, বাজেট ও অডিট অধিশাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
৪) উপসচিব, প্রশাসন-১ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
৫) উপসচিব, উন্নয়ন-২ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
৬) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
৭) অতিরিক্ত সচিব(প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন উইং, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

মোঃ ইনামুল হক
প্রোগ্রামার